

## প্রথম অধ্যায়

### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

#### মডেল--১১

১.► দাবায় বর্তমান বাংলাদেশের সেরা খেলোয়ার জিয়া অনুশীলনের জন্য নিয়মিত কম্পিউটারের সাথে খেলেন। খবরটি পত্রিকায় দেখে সাত বছরের মুশফিক মা কে প্রশ্ন করল “দাবা খেলায় তো বুদ্ধি লাগে, তাহলে কম্পিউটারের কী বুদ্ধি আছে?” মা তাকে বিষয়টি বুঝিয়ে দিলেন এবং বললেন “শুধু কি তাই এখন ভিডিও গেইমগুলো আরো উপভোগ্য ও বাস্তবসম্মত করার জন্য বিশেষ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে”।

ক. ক্রায়োপ্রোব কী ?

খ. ‘বৈদেশিক মুদ্রা আয়ের জন্য এখন আর বিদেশে যাওয়ার দরকার নেই’- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আলোকে মুশফিকের উক্তিটি আলোচনা কর।

ঘ. মা এর উল্লেখিত প্রযুক্তিটির সমাজে কিভাবে ইতিবাচক প্রভাব রাখতে পারে বিশ্লেষণ কর।

২.► রুমা কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ নিয়ে ঘরে বসে বিশেষ কাজের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়েছে। তার ভাই সোহেল ল্যাপটপ ব্যবহার করে যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয় থেকে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে ও বিদেশী লাইব্রেরী ব্যবহার করে ঘরে বসেই বিদেশী ডিগ্রী অর্জন করে।

ক. বিশ্বগ্রাম কি?

খ. রিজার্ভেশন সিস্টেম বলতে কি বুঝ?

গ. উদ্দীপকে সোহেল এর ক্ষেত্রে বিশ্বগ্রাম ধারণার কোন উপাদানটি প্রতিফলিত হয়েছে তার বর্ণনা কর।

ঘ. “বেকারত্ব দূরীকরণে উদ্দীপকের রুমা অনুকরণীয় দৃষ্টান্ত”-উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর।

৩.► ড. মুঞ্চ তার ল্যাবরেটরী কক্ষে আঙ্গুলের চাপ দিয়ে প্রবেশ করেন। একই ল্যাবরেটরীর অন্য কক্ষে প্রবেশ করার সময় সেন্সরের দিকে তাকানোর ফলে দরজা খুলে গেল। একদিন তিনি বন্ধু চিকিৎসকের নিকট গালের আঁচিল অপারেশনের জন্য গেলেন। বন্ধু তাকে স্বল্প সময়ে  $-40^{\circ}\text{C}$  তাপমাত্রায় রক্তপাতহীন অপারেশন করলেন। তৎক্ষণাৎ তিনি তার ল্যাবরেটরীতে ফিরে এসে কাজ শুরু করলেন।

ক. ভিডিও কনফারেন্সিং কী?

খ. ‘ঘরে বসে ডাক্তারের চিকিৎসা গ্রহণ করা যায়’-ব্যাখ্যা কর।

গ. ড. মুঞ্চের চিকিৎসায় চিকিৎসক কোন পদ্ধতি ব্যবহার করলেন? ব্যাখ্যা কর।

ঘ. ড. মুঞ্চের ল্যাবরেটরীতে প্রবেশের প্রক্রিয়াদ্বয়ের মধ্যে কোনটি বহুল ব্যবহৃত? বিশ্লেষণ পূর্বক মতামত দাও।

কর।